

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইলঃ b.university.pro@gmail.com

ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫



Office of the Public Relations
University of Barisal

E-mail: b.university.pro@gmail.com

Web: bu.ac.bd; Mobile: 01711001905

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের

২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ শুরু ০৩ সেপ্টেম্বর

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ আগস্ট ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ক্লাশ শুরু হবে আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রবিবার। অদ্য ১৪ আগস্ট ২০২৩ তারিখ অনুষ্ঠিত ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন সভাপতিত্বে উপাচার্য মহোদয়ের কার্যালয়ে দুপুর ১২ টায় এ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এছাড়াও সভায় বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, বিভিন্ন ইউনিটের সমন্বয়ক এবং বিভিন্ন উপ-কমিটির আহ্বায়কবৃন্দরা উপস্থিত ছিলেন। ভর্তি পরীক্ষা কমিটির এ সভায় ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষের গুচ্ছের আওতায় চূড়ান্ত ভর্তির তারিখ আগামী ২৩ ও ২৪ আগস্ট ২০২৩ তারিখ নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৬টি অনুষদের অধীন ২৫টি বিভাগে আসন সংখ্যা ১৫২০ টি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-০৮-০৩

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস